কমপিউটারের বিভিন্ন সমস্যা সমাধানের লক্ষ্যে

কে এম আলী রেজা

# উইন্ডোজ ৯৮-এ সিস্টেম ইনফরমেশন টুলস্

প্রত্যেক কমপিউটার ব্যবহারকারীর System Information tools (SIT) সম্পর্কে সুস্পষ্ট ধারণা থাকা প্রয়োজন। কারণ প্রয়োজনে যেকোন ঝামেলা দেখা দিলে এটি যেকোন ব্যবহারকারীকে অনেক সহায়তা দিতে পারে। তাছাড়া সব অপারেটিং সিস্টেমেই এসআইটি সুবিধা থাকে না। উইন্ডোজ ৯৫-এ এরূপ সুবিধা কিছুটা পাওয়া গেলেও উইন্ডোজ ৯৮-এ এই টুলের বহুবিধ সুবিধাদি পাওয়া যাবে। এসআইটি সম্পর্কে ভাল ধারণা থাকলে কমপিউটারের বিভিন্ন ধরনের সমস্যার সমাধান পাওয়া সহজ হবে। যেমন কমপিউটার চালাতে গিয়ে আপনি মারাত্মক কোন সমস্যার সম্মুখীন হলেন, অথচ এমন কেউ নেই যে আপনাকে তাৎক্ষণিকভাবে সাহায্য করতে পারে। এ মুহূর্তে আপনি এসআইটি-র Windows Report Tool (WRT)-এর সাহায্য নিতে পারেন। এ ফরমে আপনি উইন্ডোজ ৯৮ অপারেটিং সিস্টেম সম্পর্কিত সমস্যা লিখে সেন্ড করবেন। অতঃপর ইন্টারনেট কানেকটিভিটির সহায়তায় ওয়ার্ল্ড ওয়াইড ওয়েবে http:/www.microsoft.com ঠিকানায় পাঠিয়ে দিন। মাইক্রোসফট আপনার সমস্যা সংক্রান্ত রিপোর্টটি পাবার পর এর দক্ষ টেকনিশিয়ানরা সমস্যাটি ডায়াগনসিস করে তা নির্ণয় করবে এবং ঐ রিপোর্টসহ অপারেটিং সিস্টেমটি মেরামত করার জন্য যে সমস্ত ফাইল প্রয়োজন তা খুব শীঘ্রই আপনার ঠিকানায় পাঠিয়ে দিবে। WRT টুলস এর ন্যায় আরো অনেকগুলো টুলস পাবেন উইন্ডোজ ৯৮-এর অপারেটিং সিস্টেমের এসআইটি-এর মধ্যে। এগুলো নিচে বিস্তারিত বর্ণনা করা হলো—

এসআইটি-এর নাগাল পেতে হলে প্রথমে Start বাটনে ক্লিক করুন, এরপর Programs Accessories হয়ে System Tools-এ গেলে System Information ডায়লগ বক্স পাওয়া যাবে। অতঃপর মেনুবারের টুলসে ক্লিক করলে ১০টি টুল পাবেন। উইন্ডোজ রিপোর্ট টুলস সম্পর্কে আগেই বর্ণনা করা হয়েছে। বাকিগুলো নিচে আলোচনা করা হলো—

**আপডেট উইজার্ড আনইনস্টল (Update Wizard Uninstall—UWU)**

ধরুন আপনি ইন্টারনেট থেকে কোন সফটওয়্যার বা প্যাচ (Patch) বা ডিভাইস ড্রাইভার আপনার কমপিউটারে ডাউনলোড করে ইনস্টল করলেন। কিন্তু ইনস্টল করার পর দেখলেন আপনি যে কারণে ইনস্টল করেছেন সেটাতো হচ্ছেই না বরং এর দ্বারা অন্যান্য প্রোগ্রামও ক্ষতিগ্রস্ত হয়েছে। এ ধরনের ঝামেলা হতে মুক্তি পেতে হলে আপনাকে অবশ্যই ঐ সমস্ত সফটওয়্যার বা এর অংশবিশেষ আনইনস্টল করতে হবে।

এ টুলটি আপনাকে পুনরায় অন-লাইনে গিয়ে অনাকাঙ্ক্ষিত সফটওয়্যারগুলো সরানোর ঝামেলা থেকে মুক্তি দিবে। UWU হার্ড ড্রাইভের ব্যাকআপ ফোল্ডার থেকে আপনার সিস্টেম ও প্রোগ্রামকে পূর্বের অবস্থায় ফিরিয়ে আনবে।

**সিস্টেম ফাইল চেকার (System File Checker—SFC)**

এই টুলটি আপডেটিং সিস্টেমের ইন্টিগ্রেটিংয়ের নিশ্চয়তা বিধান করে। এজন্য সে যে সমস্ত সিস্টেম ফাইলের এক্সটেনশন .DLL, .DRV, .EXE এবং .VXD আছে সেগুলো পরীক্ষা করে। যদি এই অত্যাবশ্যকীয় ফাইলগুলো কোন প্রকার ভাইরাস দ্বারা আক্রান্ত হয় তাহলে ঐগুলো নতুন ফাইল দিয়ে প্রতিস্থাপন করে। অপরদিকে এসএফসি কমপিউটারের হার্ডডিস্ক থেকে মুছে ফেলা বা পরিবর্তন করা ফাইল পরীক্ষা করে দেখতে সক্ষম। এসএফসি প্রয়োজনবোধে উইন্ডোজ ৯৮ ইনস্টলেশন সিডি রম থেকে সংকুচিত (Compressed) ফাইল ব্যবহার করতে পারে।

**সিগনেচার ভেরিফিকেশন টুলস (Signature Verification Tools—SVT)**

মাইক্রোসফট কোন ফাইলের জন্য একটি নির্দিষ্ট ডিজিটাল সিগনেচার নির্ধারণ করতে সক্ষম। প্রতিটি ডিজিটাল সিগনেচারের একটি গাণিতিক মান থাকে। যদি কোন প্রকারে একটি ফাইলের তথ্যের পরিবর্তন করা হয় তাহলে ঐ ডিজিটাল সিগনেচারের মানও সাথে সাথে পাল্টে যাবে। ফলে ডিজিটাল সিগনেচারের গাণিতিক মান থেকে কোন ফাইলের বিশুদ্ধতা পরীক্ষা করা যাবে।

SVT দিয়ে আপনার সিস্টেমের সাইন্ড (Signed) এবং আনসাইন্ড (Unsigned) ফাইল পৃথক করে দেখতে পারেন। সাইন্ড সার্টিফিকেট দেখে আপনি বুঝতে পারবেন অন্য কেউ আপনার ফাইল নিয়ে নাড়াচাড়া করেছে কি না।

**রেজিস্টার চেকার (Register Checker—RC)**

কমপিউটার হার্ডওয়্যার ও সফটওয়্যারের তথ্য সংক্রান্ত জটিল ডাটাবেজ ম্যানুয়ালি প্রতিদিন খুঁজে দেখা একটি দুরূহ কাজ। অথচ এই রেজিস্ট্রিতে হার্ডওয়্যার ও সফটওয়্যার সংক্রান্ত অতি গুরুত্বপূর্ণ তথ্য সন্নিবেশিত থাকে। রেজিস্ট্রি চেকার আপনা আপনিই এই জটিল কর্ম সম্পাদন করবে। আপনি যখন প্রতিবার কমপিউটার চালু করবেন তখন RC টুলস কমপিউটারের হার্ডওয়্যার ও সফটওয়্যার সংক্রান্ত সমস্যা খুঁজে দেখবে এবং কোন সমস্যা খুঁজে পেলে সেটি রেজিস্ট্রিতে এন্ট্রি করে তা আপডেট করে রাখবে। এভাবে RC টুলস আপনার জন্য রেজিস্ট্রিতে সর্বোচ্চ পাঁচটি ব্যাকআপ কপি রেখে দিবে।

**অটোমেটিক স্কিপ ড্রাইভার এজেন্ট (Automatic Skip Driver Agent—ASDA)**

ধরুন আপনার কমপিউটার সিস্টেমের সাথে যুক্ত এমন কোন এক্সটারনাল বা ইন্টারনাল ডিভাইস ড্রাইভার হঠাৎ বিকল হয়ে গেল এবং এর কারণে উইন্ডোজ ৯৮ সেটি চিনতে ব্যর্থ হয়ে স্ক্রীণে ম্যাসেজ প্রদর্শন করলো, যতক্ষণ পর্যন্ত আপনি ঐ বিকল ডিভাইসটি ঠিকমতো পুনঃস্থাপন না করবেন ততক্ষণ উইন্ডোজ ৯৮ প্রতিবার স্টার্ট করার সময় ঐ ম্যাসেজটি দিতে থাকবে যা আপনার জন্য বিরক্তিকর।

ASDA টুলটি আপনার বিরক্তির অবসান ঘটাবে। এটি বিকল হয়ে যাওয়া ডিভাইসটি চিহ্নিত করে রাখবে এবং পরবর্তী সময়ে উইন্ডোজ ৯৮ চালু করতে গেলে এই বিকল হয়ে যাওয়া ডিভাইসটি এড়িয়ে (Bypass) যাবে এবং স্ক্রীণে কোন ম্যাসেজ দেখাবে না। যদি আপনি উইন্ডোজ ৯৮-কে বিকল হয়ে যাওয়া ডিভাইস চিনাতে চান তাহলে এটিকে কার্যক্ষম ডিভাইস দ্বারা পুনঃস্থাপন করতে হবে।

**ডা. ওয়াটসন (Dr. Watson)**

এই টুলটি অন্যান্য টুলের চেয়ে একটু ভিন্ন প্রকৃতির এবং বেশ মজারও বটে। ডা. ওয়াটসন হচ্ছে সিস্টেম ডায়াগনস্টিক টুল। মেনু থেকে এই টুলটি চালু করা যায় না। এটি চালু করতে হলে টুলটি সিলেক্ট করে এর আইকন টাস্কবারে রাখতে হবে। এবার আইকনে ক্লিক করে পপআপ মেনু থেকে ডা. ওয়াটসন সিলেক্ট করতে হবে। তাহলে এটি একজন দক্ষ ডাক্তারের ন্যায় আপনার সিস্টেম রক্ষণাবেক্ষণের কাজে লেগে যাবে।

প্রথমে ডা. ওয়াটসন আপনার সিস্টেমটিকে পুরোপুরি পরীক্ষা করে দেখবে। এ সময় সে যদি কোন সমস্যার সন্ধান পায় তাহলে উক্ত সমস্যার ব্যাপারে একটি বর্ণনা আপনাকে লিখতে হবে। এই বিবরণটি মাইক্রোসফট সাপোর্ট টেকনিসিয়ানদের কাজে লাগবে, যখন তারা আপনার কমপিউটার সমস্যা সমাধানে সচেষ্ট হবে।

**সিস্টেম কনফিগারেশন ইউটিলিটি (System Configuration Utility)**

সিস্টেম কনফিগারেশন ইউটিলিটি টুলটি আপনাকে সিস্টেম ফাইল এডিট করার সুযোগ করে দিবে। এটি ব্যবহার করে আপনি সহজেই Autoexec.bat এবং Win.ini-এর মতো সিস্টেম ফাইল চেকিং বক্সের মাধ্যমে এডিট করতে পারবেন। এই পদ্ধতিতে সিস্টেম ফাইল এডিট করা, নোটপ্যাড ও সিস্টেম কনফিগারেশন এডিটর ব্যবহার করে এডিট করার চেয়ে অনেক সহজ ও ঝামেলামুক্ত। তবে মনে রাখবেন সিস্টেম ফাইল এডিটিংয়ে হাত দেবার আগে অবশ্যই আপনি এগুলোর ব্যাকআপ করে রাখবেন।

**স্ক্যান ডিস্ক (Scan Disk)**

বহুল ব্যবহৃত টুলটি ব্যবহারের আগে আপনাকে অবশ্যই নিশ্চিত হতে হবে যে আপনার হার্ডডিস্ক যেন ঠিকমতো স্ক্যানডিস্ক টুলের সাথে কাজ করে। স্ক্যানডিস্ক সাধারণত দু'ধরনের স্ক্যান করে। স্ট্যান্ডার্ড স্ক্যান সিস্টেম ফাইলের ত্রুটিগুলো পরীক্ষা করে থাকে। অপরদিকে থ্রো স্ক্যান (Through Scan) সিস্টেম ফাইল পরীক্ষা করার পাশাপাশি অন্যান্য ত্রুটি ধরার জন্য ডিস্ক সার্ফেস টেস্ট করে। যদি উইন্ডোজ ৯৫/৯৮ অপারেটিং সিস্টেমে কমপিউটার নিয়মমাফিক বন্ধ করা না হয় তা হলে কমপিউটার পুনরায় চালু করার সময় স্ক্যানডিস্ক আপনা আপনি চালু হয়ে যাবে। স্টার্ট আপে স্ক্যানডিস্ক ফাইল রেখে এই টুলটিকে কাজ করানো যায়।

**ভার্সন কনফ্লিক্ট ম্যানেজার (Version Conflict Manager—VCM)**

আপনি যখন কমপিউটারে উইন্ডোজ ৯৮ অপারেটিং সিস্টেম ইনস্টলেশন করেন তখন সে পূর্বতন ভার্সনের অপারেটিং সিস্টেমের ফাইলগুলো চিহ্নিত করে এবং নতুন ফাইল দিয়ে তা প্রতিস্থাপন করে। কিন্তু পুরানো ফাইলগুলোর ব্যাকআপ হার্ডডিস্কে রক্ষিত থাকে। এই সফটওয়্যার প্রোগ্রামের ভিন্ন ভিন্ন ভার্সনের জন্য যদি কখনো কোন দ্বন্দ্ব সৃষ্টি হয় তাহলে VCM সঠিক ফাইলটি বেছে নিয়ে যথাস্থানে স্থাপন করে এবং উদ্ভূত দ্বন্দ্বের অবসান ঘটাবে। সিস্টেম সম্পর্কে পুরোপুরি ধারণা না থাকলে কাউকে এই টুলটি ব্যবহারে মাইক্রোসফট উৎসাহিত করে না।

সচরাচর এই টুলগুলো হয়তো আপনাকে ব্যবহার করতে হবে না কিন্তু আপদকালীন সময় হাতের কাছে রাখলে সিস্টেমকে পুনরুজ্জীবিত করতে নিঃসন্দেহে এই টুলগুলো আপনাকে সহায়তা করবে। ●